# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 15-01-2026 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্ট আই প্যাকের কর্ণধার প্রতীক জৈন-এর কলকাতার বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়া চারটি এফ আই আর-এর তদন্তের ওপর স্থগিতাদেশ জারি করেছে।

কোন কেন্দ্রীয় এজেন্সি যখন তদন্ত করছে, তখন রাজ্যের পুলিশ প্রশাসন সেখানে হস্তক্ষেপ করতে পারে কিনা, সেই প্রশ্নও তুলেছে বেঞ্চ।

২) নির্বাচন কমিশন ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচীতে নথি যাচাই-এর ক্ষেত্রে ক্লাস টেনের –অ্যাডমিট কার্ডকে বৈধ পরিচয় পত্র হিসেবে গ্রহণ করার জন্য রাজ্য সরকারের প্রস্তাব খারিজ করে দিয়েছে।

৩) এস আই আর-এর দাবি ও আপত্তি জানানোর শেষদিনে আজও রাজ্যের বিভিন্ন জেলায় ৭ নম্বর ফর্ম জমাকে কেন্দ্র করে শাসক দলের বাধা দেওয়ার অভিযোগে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

৪) কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত বলেছেন, এশিয়াটিক সোসাইটি, ভারত ও দেশের সঙ্গে সম্পর্কিত সব বিষয় এবং ভারতীয় দর্শনকে সমগ্র বিশ্বের সামনে তুলে ধরেছে।

৫) সরস্বতী পুজো এবং নেতাজীর জন্মজয়ন্তীর দিন ২৩-শে জানুয়ারী জয়েন্ট এন্ট্রান্স মেইন পরীক্ষা হচ্ছে না বলে ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA জানিয়ে দিয়েছে ।

৬) মকরসংক্রান্তির পুন্যস্নানের মাহেন্দ্রক্ষণ চলে গেলেও গঙ্গাসাগরে আজও ভীড় উপচে পড়ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্ট আই প্যাকের কর্ণধার প্রতীক জৈনের কলকাতার বাড়ি ও অফিসে তল্লাশির ঘটনায় ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়া মোট চারটি FIR এর তদন্তের উপর স্থগিতাদেশ জারি করেছে। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ আজ এসংক্রান্ত মামলার শুনানিতে, কোনো কেন্দ্রীয় এজেন্সি যখন তদন্ত করছে তখন রাজ্যের পুলিশ প্রশাসন সেখানে হস্তক্ষেপ করতে পারে কিনা সেই প্রশ্ন তোলেন।

তবে, কোনো কেন্দ্রীয় এজেন্সির রাজনৈতিক দলের নির্বাচনী নথি যাচাই করার ক্ষমতা নেই বলে তাদের অভিমত। কোন গুরুত্বপূর্ণ বিষয় যদি যুক্ত থাকে তাহলে তারা তা খতিয়ে দেখতে পারে কিনা সেই মর্মে সব পক্ষকে নোটিশ দেওয়া হচ্ছে। তেশরা ফেব্রুয়ারি মামলার পরবর্তী শুনানি। ওই দিনই সব পক্ষ তাদের বক্তব্য জানাবে।

একই সঙ্গে বেঞ্চ ইডি-র তল্লাশিতে বাধা দেওয়ার অভিযোগ সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমার এবং কলকাতার নগরপাল মনোজ ভার্মা-কে নোটিশ জারি করেছে। জবাব দাখিলের জন্য তাদের ২ সপ্তাহের সময় দেওয়া হয়েছে। পাশাপাশি ৮-ই জানুয়ারীর ওই ঘটনায় সমস্ত সিসিটিভি ফুটেজ , স্টোরেজ ডিভাইজের রেকর্ডিং পরবর্তী শুনানি পর্যন্ত সংরক্ষণেরও নির্দেশ দিয়েছে বেঞ্চ। আইনের অনুশাসন মেনে চলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করে শীর্ষ আদালত বলেছে, এই ধরনের বিষয় অমীমাংশিত রাখা হলে তা আইনশৃঙ্খলা পরিস্থিতিতে ব্যাঘাত ঘটাতে পারে ।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্ট ইডি আধিকারিকদের বিরুদ্ধে দায়ের হওয়ার এফ আই আর-এর তদন্তের ওপর স্হগিতাদেশ জারি করা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পক্ষে এক বড়রকমের ধাক্কা বলে অবিহিত করেছে বিজেপি। দলের জাতীয় মুখপাত্র গৌরব ভাটিয়া আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, মমতা ব্যানার্জী আইন ও শৃঙ্খলা পথে চলেন না। ইডি-র ওপর হামলার ঘটনাতেও রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের কড়া সমালোচনা করে শ্রী ভাটিয়া বলেন, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলিকে প্রতি পদে বাধা দেওয়া হচ্ছে।

(বাইট – গৌরব ভাটিয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের সুপ্রিমকোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে বর্ষীয়ান কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, রাজ্যের পুলিশ ও কেন্দ্রের তদন্তকারী সংস্থা উভয়েরই নিজস্ব কিছু আচরণ বিধি রয়েছে এবং তা মেনে চলা উচিত। রাজ্যের পুলিশকে বর্তমান সরকার যেভাবে ব্যবহার করেছে, তারও তিনি কঠোর সমালোচনা করে বলেছেন, সবকিছুরই মধ্যে ভারসাম্য থাকা দরকার।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০

আই প্যাকে তল্লাশির সময় ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে কলকাতা হাইকোর্ট বিজেপি-কে ধর্ণা কর্মসূচী তাদের চাহিদা মতো নবান্নের সামনে করতে না দিয়ে মন্দিরতলা বাস স্ট্যান্ডে করার অনুমতি দেওয়ায় বিজেপি ডিভিশন বেঞ্চে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে। হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষ আজ তার নির্দেশ জানিয়েছেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে মন্দিরতলা বাস স্ট্যান্ডের সামনে বেলা ১০-টা থেকে বিকেল চারটে পর্যন্ত সর্বাধিক ৫০ জন বিধায়ককে নিয়ে এই ধর্ণা দেওয়া যাবে, কিন্তু কোন মাইক ব্যবহার করা চলবে না। ১২/১৫ মাপের স্টেজ করা যাবে, এবং ধর্ণা শেষ হওয়ার ২৪ ঘণ্টার মধ্যে সেই জায়গা পরিস্কার করে দিতে হবে বলে শর্ত দিয়েছেন বিচারপতি।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদায় রাজনৈতিক সভার পরিপ্রেক্ষিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে দায়ের হওয়া FIR এর পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে কোন কড়া পদক্ষেপ নিতে পারবে না পুলিশ। কলকাতা হাইকোর্ট এই মর্মে নির্দেশ দিয়েছে। তদন্তের স্বার্থে একান্ত প্রয়োজন হলে শুভেন্দু অধিকারীকে

ভার্চুয়ালি হাজিরার জন্য ডাকা যাবে। ৬ই ফেব্রুয়ারি ফের শুনানি বলে জানিয়েছেন বিচারপতি শুভ্রা ঘোষ।

উল্লেখ্য গত ২-রা জানুয়ারি মালদায় মিছিল করতে গিয়ে বিতর্কিত মন্তব্য করেছেন শুভেন্দু অধিকারী ওই দাবি করে তার বিরুদ্ধে দায়ের হয়েছিল এফয়াইয়ার। সেই FIR খারিজের দাবিতে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন শুভেন্দু।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীতে নথি যাচাইয়ের ক্ষেত্রে ক্লাস টেন- এর অ্যাডমিট কার্ডকে বৈধ পরিচয়পত্র হিসেবে গ্রহণ করার রাজ্য সরকারের প্রস্তাব খারিজ করে দিয়েছে । নির্বাচন কমিশনের আন্ডার সেক্রেটারি শক্তি শর্মার সই করা ওই চিঠিতে জানানো হয়েছে, এসআইআর-এ যাচাইয়ের জন্য নির্ধারিত বৈধ নথির তালিকায় মাধ্যমিকের অ্যাডমিট কার্ড নেই। ফলে এই নথিকে গ্রহণ করার প্রস্তাব অনুমোদন করা যাচ্ছে না।

oooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার বাড়তি দায়িত্ব হিসেবে সাম্প্রতিক মাসগুলিতে বহু শিক্ষক নিয়মিত ক্লাস নিতে না পারায় রাজ্য শিক্ষা দফতর পড়ুয়াদের স্বশিক্ষায় উৎসাহ দিতে উদ্যোগী হয়েছে। পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন -এর মাধ্যমে প্রাথমিক স্তর থেকে উচ্চমাধ্যমিক পর্যন্ত ছাত্রছাত্রীদের জন্য অডিও-ভিজ্যুয়াল নানা মডিউল তৈরি করে 'বাংলার শিক্ষা' পোর্টালে তুলে দেওয়া হয়েছে।

শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, সরকারি ও সরকার-অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ের অভিজ্ঞ বিষয় শিক্ষকদের নিয়ে এই ডিজিটাল কনটেন্ট তৈরি করা হয়েছে। এখনও পর্যন্ত মোট ৪০৪টি ই-লার্নিং রিসোর্স প্রস্তুত ও আপলোড করা হয়েছে, যা ৩৮৭টি বিষয় নিয়ে তৈরি করা হচ্ছে। আগামী দিনে আরও নতুন কনটেন্ট যুক্ত হবে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর আজই ছিল শেষদিন।

নির্বাচন দফতর সূত্রে জানানো হয়েছে, নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পর আর নতুন কোনও দাবি বা আপত্তি গ্রহণ করা হবে না। তার পর যাচাই-বাছাই ও শুনানির প্রক্রিয়া শেষ করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিকে এগোবে কমিশন।

oooooooooooooooooooooo

এদিকে, SIR এর ৭ নম্বর ফর্ম জমাকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন জেলায় শাসকদল এর বাধা দেবার অভিযোগ উঠেছে।

বাঁকুড়ার ছাতনায় আজ সকালে ৭ নং ফর্ম জমা দেওয়ার শেষ দিনে বিজেপি কর্মিদের ব্যপক মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের বিরুদ্ধে। ছাতনার বিজেপি বিধায়ক সত্যরঞ্জন মুখোপাধ্যায়ের নেতৃত্বে বিজেপি কর্মীরা ৭ নম্বর ফর্ম নিয়ে হাজির হন ছাতনা বিডিও অফিসে। জয়েন্ট বিডিওর সঙ্গে আলোচনা চলাকালীন সেখানে হাজির হন তৃণমূল কংগ্রেস পরিচালিত ছাতনা পঞ্চায়েত সমিতির সভাপতি বঙ্কিম মিশ্র। বিজেপির দাবি তাঁদের মহিলা কর্মী সহ উপস্থিত কর্মীদের উপর চড়াও হয়ে তৃনমূল মারধোর করে জয়েন্ট বিডিওর কক্ষ থেকে বের করে দেয়।

ফর্ম সেভেন জমা নেওয়ার দাবিতে পশ্চিম বর্ধমানের আসানসোলে জেলাশাসকের দপ্তরের সামনে বিজেপি বিক্ষোভ দেখায়। বিজেপির অভিযোগ ১০ দিন ধরে তারা ফর্ম সেভেন জমা দেওয়ার চেষ্টা করলেও তা জমা নেওয়া হচ্ছে না।

জেলা নির্বাচনী আধিকারিকরা তৃণমূল কংগ্রেসর চাপে ফর্ম জমা নিতে অস্বীকার করছেন, এই অভিযোগে জেলার দুর্গাপুরে মহকুমা শাসকের দফতরের সামনেও বিক্ষোভ দেখায় বিজেপি। এর নেতৃত্বে ছিলেন, দলের নেতা জিতেন্দ্র তিওয়ারী।

এস আই আর-এর প্রতিবাদে উত্তর দিনাজপুরের চাকুলিয়াতেও বিডিও অফিসে ভাঙচুরের অভিযোগ উঠেছে। সেখানে আগুন ধরিয়ে দেওয়া হয় বলেও অভিযোগ। বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের দফায় দফায় সংঘর্ষে পরিস্থিতি রণক্ষেত্র হয়ে ওঠে। গুরুতর আহত হন, থানার আই সি সহ কয়েকজন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাঁদানে গ্যাসের সেল ছোঁড়ে ও লাঠি চার্জ

করতে বাধ্য হয়। ১০ জনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে বলে ইসলামপুরের পুলিশ সুপার জবি থমাস কে জানিয়েছেন।

রাজ্য সড়ক অবরোধ করেও বিক্ষোভ দেখান হয়। এই বিক্ষোভের প্রভাব যাতে অন্যত্র ছড়িয়ে না পড়ে, সেজন্য ইসলামপুর সহ আশেপাশের থানায় জারি করা হয়েছে উচ্চ সতর্কতা। এলাকায় মোতায়েন রয়েছে, বিশাল পুলিশ বাহিনী ও Raf।

এই ঘটনায় উত্তর দিনাজপুরের জেলাশাসক, জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও)-কে এফআইআর করার নির্দেশ দিয়েছে কমিশন। কোচবিহারেও কোথাও ৭ নম্বর ফর্ম জমা নেওয়া হয়নি বলে বিজেপি অভিযোগ করেছে। জেলার সাধারণ সম্পাদক সঞ্জয় চক্রবর্তী জানিয়েছেন, এব্যাপারে নির্বাচন কমিশনে অভিযোগ করা হয়েছে।

ooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটের পিন্ডিরা গ্রামে নিজেদের বুথে শুনানির দাবিতে তিন বিএলও এবং পঞ্চায়েত কর্মীদের আজ পঞ্চায়েত অফিসে তালাবন্ধ করে রাখেন গ্রামবাসীরা। এই শুনানি নিয়ে আগে থেকেই গ্রামবাসীদের মধ্যে অসন্তোষ ছিল।

বিএলওরা আজ গ্রামে এসআইআরের শুনানির নোটিশ বিলি করতে গেলে তাদের দেখে বাসিন্দারা বিক্ষোভ দেখাতে শুরু করেন। তিন বিএলওকে জোর করে পঞ্চায়েত অফিসে নিয়ে গিয়ে বাইরে থেকে তালাবন্ধ করে দেয় গ্রামবাসীরা। ভিতরে থাকা পঞ্চায়েত কর্মীরাও আটকে পড়েন।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। দীর্ঘ আলোচনার পর প্রশাসনের পক্ষ থেকে আশ্বাস মেলায় তালা খোলা হয়।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে বিশেষ আলোচনায় শুনবেন 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ভারতের প্রধানমন্ত্রী'। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে আজ কথা বলেছেন দিব্য দে। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত আজ কলকাতায় একাধিক অনুষ্ঠানে যোগ দেন।

এশিয়াটিক সোসাইটির ২৪৩তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি বলেন,এশিয়াটিক সোসাইটি দীর্ঘ এতো বছর ধরে বিশেষ বিচারধারা নিয়ে কাজ করছে। ভারত ও দেশের সঙ্গে সম্পর্কিত সব বিষয় এবং ভারতীয় দর্শনকে সমগ্র বিশ্বের কাছে তুলে ধরেছে।

(বাইট – গজেন্দ্র সিং)

তিনি বলেন,এশিয়াটিক সোসাইটির পক্ষ থেকে যেসব বই এবং জার্নাল প্রকাশিত হয়েছে তা দেশের সম্পদ। ভারত যে সাংস্কৃতিক পুনর্জাগরণের পথে চলছে এবং সারা বিশ্বে নতুন পরিচয় গড়ে তুলতে কাজ করছে, সেই কাজে বই ও জার্নালগুলো বিশেষ সহায়ক হবে বলে মন্ত্রী জানান।

অনুষ্ঠানে, এশিয়াটিক সোসাইটির সঙ্গে আইআইটি খড়গপুর এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের কয়েকটি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়।

এছাড়া এই উপলক্ষে এশিয়াটিক সোসাইটির একটি বই ও প্রকাশিত হয়। এশিয়াটিক সোসাইটির প্রশাসক লেফটেন্যান্ট কর্নেল অনন্ত সিনহা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এর আগে সকালে কেন্দ্রীয় মন্ত্রী, ইজেডসিসি পরিদর্শন করেন। পূর্বাঞ্চল সংস্কৃতি পরিষদে নব নির্মিত রঙ্গমঞ্চের উদ্বোধনের পর তিনি মৌলানা আবুল কালাম আজাদ ইন্সটিটিউট অফ এশিয়ান স্টাডীজ-এ একটি বই প্রকাশ অনুষ্ঠানে যোগ দেন ।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে অগ্রগতির এক নতুন যুগের সূচনা করতে চলেছে ভারতীয় রেল। এই অগ্রগতির অঙ্গ হিসাবে আগামী ১৭ই জানুয়ারী হাওড়া - গোয়াহাটি( কামাখ্যা) -হাওড়া বন্দে ভারত স্লিপার সহ একগুচ্ছ নতুন ট্রেনের যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর মধ্যে রয়েছে, নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল, নিউ জলপাইগুড়ি- তিরুচিরাপল্লী, আলিপুরদুয়ার-SMBT ব্যাঙ্গালুরু, আলিপুরদুয়ার-মুম্বাই (পনবেল) অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন।

এছাড়াও রাধিকাপুর- SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস, বালুরঘাট-SMBT ব্যাঙ্গালুরু মেল এক্সপ্রেস ট্রেনেরও যাত্রার সূচনা করবেন প্রধানমন্ত্রী। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, উড়িষা,

অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী চলাচলের সুবিধা বাড়বে।

১৮ই জানুয়ারী হাওড়া-আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদা-বারানসী, সাঁতরাগাছি-তাম্বারম্ অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনা করবেন সূচনা করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বন্দেভারত স্লিপার সহ এই ট্রেনগুলির যাত্রার সূচনা ফলে যাত্রীরা আরও কম সময়ে গন্তব্যে পৌঁছাতে পারবেন। যাত্রীদের সুবিধার্থে উন্নতমানের ট্রেন পরিষেবার সূচনা করতে চলেছে ভারতীয় রেল।

গুয়াহাটি এবং হাওড়ার মধ্যে বন্দে ভারত স্লিপার এক্সপ্রেস ট্রেন দূরপাল্লার রাত্রিকালীন রেলযাত্রার ক্ষেত্রে একটি বড় মাইলফলক হতে চলেছে। নতুন প্রজন্মের এই ট্রেনটি ১৬টি কোচের রেক দিয়ে চলবে এবং মোট যাত্রী ধারণক্ষমতা ৮২৩ জন। এই ট্রেনটিতে ১১টি এসি থ্রি-টিয়ার কোচ, ৪টি এসি টু-টিয়ার কোচ এবং ১টি ফার্স্ট এসি কোচ থাকবে, যা বিভিন্ন শ্রেণির যাত্রীদের জন্য আরামদায়ক ভ্রমণের সুযোগ প্রদান করবে।

অসমের কামরূপ মেট্রোপলিটন ও বঙ্গাইগাঁও এবং পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, মালদহ, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হুগলি ও হাওড়া সহ বিভিন্ন জেলার বাণিজ্য, পর্যটন এবং আর্থ-সামাজিক উন্নয়নেও সহায়তা হবে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooo

সরস্বতী পুজো এবং নেতাজীর জন্মজয়ন্তী ২৩-শে জানুয়ারী জয়েন্ট এন্ট্রান্স মেইন পরীক্ষা হচ্ছে না বলে জানিয়ে দিয়েছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি NTA । এই পরীক্ষা কবে হবে, তা পরে জানানো হবে বলে NTA-এর পক্ষ থেকে এক্সহ্যান্ডে জানানো হয়েছে।

উল্লেখ্য, ২৩ তারিখ এই পরীক্ষার দিন বদল চেয়ে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আপত্তি জানিয়ে চিঠি দিয়েছিলেন। রাজ্য সরকারও এই মর্মে আবেদন জানিয়েছিল। NTA-এর পক্ষ থেকে 011-40759000 –এই হেল্পলাইন নম্বরে ফোন করে পরীক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য জানার পরামর্শ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

মকর সংক্রান্তি পুন্য স্নানের মহান্দ্রেক্ষণ আজ বেলা ১-টা ১৯ মিনিটে অতিবাহিত হলেও দক্ষিণ চব্বিশ পরগনার গংগাসাগরে আজও ভীড় উপচে পড়ছে। মন্ত্রী অরূপ বিশ্বাস আজ সাগরে এক সাংবাদিক সম্মেলনে জানান, মেলায় বিভিন্ন অপরাধের ঘটনায় গ্রেফতার করা হয়েছে ৮৯৫ জনকে ।

হৃদরোগে আক্রান্ত হয়ে মেলায় বিহার থেকে আসা ৬১ বছরের মৃত্যুঞ্জয় সিং এর মৃত্যু হয়েছে। এই নিয়ে মেলায় এবার দুই তীর্থযাত্রীর মৃত্যু হল।

এদিকে, পূর্ব বর্ধমানের জামালপুরে দামোদর নদে তেলকপি গয়াঘাটে প্রতিবারের মতো এবারেও আজ পয়াল মাঘে ধর্মীয় রীতি মেনে পুণ্য স্নান করেন আদিবাসী সম্প্রদায়ের মানুষজন । পিতৃ পুরুষের উদ্দেশ্যে তর্পন করে তারা গয়াঘাটে মারানগুরু মন্দিরেও পুজো দেন। এরপর দামোদরের বালির চরে নাচ-গান, রান্না ও খাওয়াদাওয়া করে সূর্যাস্তের প্রাক্কালে ঘরে ফিরে যান। সুষ্ঠুভাবে পূর্ণ স্নান পর্ব সম্পন্ন করতে গয়াঘাট চত্ত্বরে মোতায়েন ছিল বিশাল পুলিশ বাহিনী।

এরাজ্য ছাড়াও বিহার, ঝাড়খন্ড ও ওড়িশা থেকে হাজার হাজার পূর্ণ্যার্থী ভিড় জামান তেলকুপি গয়া ঘাটে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo